বিএসসির বহরে  বিভিন্ন ক্যাটাগরির ২১টি জাহাজ যুক্ত হবে-বিএসসি'র ৪৬তম বার্ষিক সাধারণ সভায় নৌপ্রতিমন্ত্রী ও বিএসসির চেয়ারম্যান

চট্টগ্রাম, ১৬ নভেম্বর ২০২৩;

নৌপরিবহন প্রতিমন্ত্রী ও বাংলাদেশ শিপিং কর্পোরেশনের চেয়ারম্যান খালিদ মাহ্‌মুদ চৌধুরী এমপি বলেছেন, বঙ্গবন্ধুর সুচিন্তিত দিক-নির্দেশনায় তাঁর জীবদ্দশায় ১৯৭৪ সালের মধ্যে ২৬টি সমুদ্রগামী জাহাজ বিএসসি'র জাহাজ বহরে সংযোজনের ব্যবস্থা করেন। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নির্দেশনার আলোকে এবং তাঁর বলিষ্ঠ নেতৃত্বে বর্তমান গণতান্ত্রিক সরকার কর্তৃক সামগ্রিক উন্নয়নের ধারাবাহিকতায় বিএসসি'র উন্নয়নে নানাবিধ পদক্ষেপ নেয়া হয়েছে। ২০১৮-১৯ সালে বিএসসি'র বহরে ৬টি নতুন জাহাজ যুক্ত হয়েছে। আরো ৪টি নতুন জাহাজ সংযোজনের প্রক্রিয়া চলমান রয়েছে। বিএসসি বর্তমানে আর্থিক সক্ষমতা বিবেচনায় নিজস্ব অর্থে জাহাজ ক্রয়ের পরিকল্পনা গ্রহণ করেছে। বিএসসির বহরে  বিভিন্ন ক্যাটাগরির ২১টি জাহাজ যুক্ত হবে।

প্রতিমন্ত্রী আজ চট্টগ্রামে হোটেল রেডিসন ব্লুতে বিএসসি'র ৪৬তম বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মোস্তফা কামাল, বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কমডোর মো. জিয়াউল হক অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন।

প্রতিমন্ত্রী বলেন, আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ শিপিং সেবা প্রদান করা এবং বাংলাদেশের সিংহভাগ আমদানী ও রপ্তানী পণ্য নিজস্ব জাহাজ বহর দ্বারা পরিবহন করার উদ্দেশ্যে বিএসসি প্রতিষ্ঠা করা হয়। স্বাধীন বাংলাদেশে একটি শক্তিশালী নৌ-বাণিজ্যের সহায়ক পরিবহন নেটওয়ার্ক এর ভিত গড়ে তোলার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নৌপরিবহন মন্ত্রণালয়কে সরাসরি তাঁর অধীনে রেখেছিলেন। কর্পোরেশন প্রতিষ্ঠা লাভের মাত্র ৪ মাসের মধ্যে বাংলাদেশের প্রথম সমুদ্রগামী জাহাজ “বাংলার দূত” এবং এর পর পরই “বাংলার সম্পদ” নামক অপর একটি জাহাজ কর্পোরেশনের বহরে সংযোজিত হয়।

বিএসসি চেয়ারম্যান ও নৌপ্রতিমন্ত্রী বলেন, কক্সবাজারের মাতারবাড়ীতে ভাসমান এলএনজি টার্মিনাল নির্মাণ হচ্ছে। কয়লা, এলএনজি এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র পরিশোধিত ও অপরিশোধিত জ্বালানি তেল পরিবহন ছাড়াও রাষ্ট্রীয় প্রয়োজন ও আর্থিকভাবে লাভজনক বিবেচনায় বিভিন্ন সাইজ ও ধরণের জাহাজ ক্রয়ের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং ইতোমধ্যে উক্ত পরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এসব পরিকল্পনাকে সামনে রেখে ইতোমধ্যে জাতীয় সংসদে দি বাংলাদেশ ফ্লাগ ভেসেলস (প্রটেকশন অব ইন্টারেস্ট) এ্যাক্ট ২০১৯ পাশ হয়েছে। যার ফলে সরকারি তহবিলে আমদানি বা রপ্তানিকৃত পণ্য সমুদ্রপথে পরিবহনের ক্ষেত্রে বিএসসি অগ্রাধিকার পাবে। তিনি বলেন, স্বাধীনতার পর বাঙালির আর্থসামাজিক উন্নয়নের জন্য, অর্থনৈতিক মুক্তির জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান যে স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের স্বপ্ন দেখেছিলেন, ৭৫ এর ১৫ই আগস্ট কালরাতে সপরিবারে বঙ্গবন্ধুর বর্বর হত্যাকান্ডের কারণে সেই স্বপ্ন বাস্তবায়ন করে যেতে পারেননি। প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে দেশ অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় এগিয়ে চলেছে । মাতারবাড়িতে গভীর সমুদ্র বন্দরের প্রথম টার্মিনাল নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন, গভীর সমুদ্র বন্দরের চ্যানেল উদ্বোধন করা হয়েছে, মেগা প্রকল্পগুলো বাস্তবায়ন করা হচ্ছে। কক্সবাজারে আইকনিক রেল স্টেশন, রেললাইন সংযোগ হয়েছে, বঙ্গবন্ধু টানেল, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, মেট্রোরেল,  ঢাকা বিমানবন্দরের থার্ড টার্মিনাল, পদ্মা সেতু, চট্টগ্রাম বন্দরের পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল উদ্বোধন করা হয়েছে। চট্টগ্রাম বন্দরের বে-টার্মিনালের মাস্টারপ্লানের কার্যক্রম শুরু হয়েছে। পায়রা ও মোংলা বন্দরের আপগ্রেডেশন কাজ চলমান রয়েছে।

বিএসসি দীর্ঘদিন পর চট্রগ্রামের কৈবল্যধামে তাদের নিজস্ব জায়গায় আনসার ক্যাম্প ও পাহাড়া চৌকি প্রতিষ্ঠা করেছে। ফলে ১২.৭৭ একর জায়গাটির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা যাবে। সেখানে বিএসসির অধিকার প্রতিষ্ঠিত হয়েছে। এ জায়গাটি যেহেতু কর্মচারিদের আবাসনের জন্য সরকার কর্তৃক বরাদ্দ দেয়া হয়েছে; তাই জায়গাটিতে অবৈধ দখল উচ্ছেদ করে কর্মচারিদের জন্য আবাসন নির্মাণের ব্যবস্থা করা হবে। এছাড়া খুলনার কেডিএ এভিনিউ এলাকায় ১১.৭৩ কাঠা জমির সমস্যা সমাধান করে সেখানে বিএসসির শপিং কমপ্লেক্স উদ্বোধন করা হয়েছে। সেখানে দোকান ভাড়া দিয়ে বর্তমানে মাসিক তিন লাখ টাকা আয় হচ্ছে। খুলনার বয়রা আবাসিক এলাকায় ৪০ কাঠা জমিতে অবৈধ দখলদার উচ্ছেদ করে বাউন্ডারি ওয়াল দেয়া হয়েছে। জায়গাটির বাণিজ্যিক ব্যবহারের জন্য সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান কাজ করছে।

২০২২-২৩ অর্থবছরে বিএসসির নীট মুনাফা হয়েছে ২৪৬ কোটি ২৯ লক্ষ টাকা। কর্পোরেশনের উক্ত লাভের উপর ভিত্তি করে এবং শেয়ারহোল্ডারদের স্বার্থ বিবেচনা করে পরিচালনা পর্ষদের ৩১৮তম সভায় শেয়ারহোল্ডারদের জন্য ২৫% নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ড) প্রদানের সুপারিশ করা হয়েছে। আশা করি বিএসসি'র লাভের উপর ভিত্তি করে ভবিষ্যতে এ লভ্যাংশের পরিমান আরো বৃদ্ধি পাবে।

প্রতিমন্ত্রী বলেন, বিএসসি বাণিজ্যিক কার্যক্রম ছাড়াও সরকারি সংস্থা হিসেবে জাতীয় স্বার্থে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে আসছে। দেশের স্বার্থে পণ্য পরিবহণ করাসহ প্রয়োজনে অলাভজনক রুটেও কর্পোরেশন জাহাজ পরিচালনা করে থাকে। মেরিটাইম শিল্পে দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে বিএসসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিএসসি'র জাহাজে বাংলাদেশ মেরিন একাডেমির ক্যাডেটদের প্রতিবছর নিয়োগের ব্যবস্থা করা হচ্ছে। তাছাড়া কেবলমাত্র অত্র সংস্থার জাহাজে মেরিন একাডেমির মহিলা ক্যাডেটদের এক বছরের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, যারা দেশি-বিদেশি বিভিন্ন জাহাজে যোগদানের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনসহ দেশের সুনাম অক্ষুন্ন রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তাই জাতীয় স্বার্থেই বিএসসি'র উত্তরোত্তর উন্নয়ন অব্যাহত রাখা আবশ্যক।

মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪